

রহমান রহীম আল্লাহ তায়ালার নামে

রুকু ১

- ০৭৯-১ শপথ (সেই ফেরেশতাদের), যারা নির্মমভাবে (পাপীদের আত্মা) ছিনিয়ে আনে,
- ০৭৯-২ শপথ (সেই ফেরেশতাদের) যারা সহজভাবে (নেককারদের রহ) খুলে দেয়,
- ০৭৯-৩ শপথ (সেই ফেরেশতাদের), যারা (আমার হুকুম তামিল করার জন্যে) সঁাতরে বেড়ায়,
- ০৭৯-৪ শপথ (সেই ফেরেশতাদের), যারা (হুকুম পালনে) দ্রুত এগিয়ে চলে,
- ০৭৯-৫ শপথ (সেই ফেরেশতাদের), যারা (সব ক'টি) কাজ সুস্থভাবে পরিচালনা করে।
- ০৭৯-৬ (কেয়ামত অবশ্যই আসবে), সেদিন ভূকম্পনের এক প্রচল্ড ঝাঁকুনি হবে,
- ০৭৯-৭ (কবর থেকে সবাইকে ওঠানোর জন্যে) সাথে সাথে আরেকটি ধাক্কা হবে;
- ০৭৯-৮ (এ অবস্থা দেখে) সেদিন মানুষের অন্তরসমূহ ভয়ে কম্পমান হবে,
- ০৭৯-৯ তাদের সবার দৃষ্টি হবে সেদিন নিম্নগামী (ও ভীত-সঙ্কস্ত)।
- ০৭৯-১০ কাফেররা বলে, সত্যিই কি আমাদের আগের অবস্থায় ফিরিয়ে নেয়া হবে ?
- ০৭৯-১১ আমরা পচে-গলে হাড়িতে পরিণত হয়ে যাওয়ার পরও ?

- ০৭২-১২ তারা (এণ্ড) বলেছে, যদি আমাদের আগের জীবনে ফিরিয়ে নেয়া হয়, তাহলে সেটা তো হবে খুবই লোকসানের বিষয়।
- ০৭২-১৩ অবশ্যই তা হবে বড়ো ধরনের একটি গর্জন;
- ০৭২-১৪ (এ গর্জন শেষ না হতেই দেখা যাবে,) তারা (কবর থেকে উঠে যমীনের ওপর) সমবেত হয়ে গেছে;
- ০৭২-১৫ (হে নবী,) তোমার কাছে কি মূসার কাহিনী পৌঁছেছে?
- ০৭২-১৬ তাকে যখন তার মালিক পবিত্র 'তুয়া' উপত্যকায় ডেকে বলেছিলেন,
- ০৭২-১৭ যাও ফেরাউনের কাছে, কারণ সে (তার মালিকের) বিদ্রোহ করেছে,
- ০৭২-১৮ তাকে ডিঙ্গেস করো, তুমি কি (ঈমান এনে) পবিত্র হতে চাও?
- ০৭২-১৯ (তাকে এণ্ড বলো,) আমি তোমাকে তোমার মালিকের (কাছে পৌঁছার একটি) পথ দেখাতে পারি, এতে তুমি হয়তো তাঁকে ভয় করবে,
- ০৭২-২০ অতঃপর সে তাকে (আমার পক্ষ থেকে) নবুত্তের বড়ো একটি নিদর্শন দেখালো,
- ০৭২-২১ কিন্তু সে (আমার নবীকে) মিথ্যা সাব্যস্ত করলো এবং সে (তার) বিরুদ্ধাচরণ করলো,
- ০৭২-২২ অতঃপর (ষড়যন্ত্র করার মানসে) সে পেছনে ফিরে গেলো,
- ০৭২-২৩ সে লোকজন জড়ো করলো এবং তাদের ডাক দিলো,
- ০৭২-২৪ তারপর বললো, আমিই হচ্ছি তোমাদের সবচেয়ে বড়ো 'রব',
- ০৭২-২৫ অবশেষে আল্লাহ তায়ালা তাকে আখেরাত ও দুনিয়ার আযাবে পাকড়াও করলেন;

০৭২-২৬ অবশ্যই এমন সব লোকের জন্যে এতে শিক্ষার নিদর্শন রয়েছে যারা (আল্লাহ তায়াল্লাকে) ভয় করে,

সূরত্ব ২

০৭২-২৭ (তোমরা বলো,) তোমাদের (দ্বিতীয় বার) সৃষ্টি করা কি বেশী কঠিন, না আকাশ সৃষ্টি করা বেশী কঠিন? আল্লাহ তায়াল্লা তা বানিয়েছেন।

০৭২-২৮ আল্লাহ তায়াল্লা (শুণ্যের মাঝে) তা উঁচু করে রেখেছেন, অতঃপর তাকে সুবিন্যস্ত করেছেন,

০৭২-২৯ তিনি রাতকে (অন্ধকারের চাদর দিয়ে) ঢেকে রেখেছেন, আবার তা থেকে (আলো দিয়ে) দিনকে বের করে এনেছেন,

০৭২-৩০ এরপর যমীনকে তিনি (বিছানার মতো করে) বিছিয়ে দিয়েছেন:

০৭২-৩১ তা থেকে তিনি তার পানি ও তার উদ্ভিদরাজি বের করেছেন,

০৭২-৩২ তিনি পাহাড়সমূহ (যমীনের গায়ে পেরেকের মতো) গেড়ে দিয়েছেন,

০৭২-৩৩ তোমাদের জন্যে এবং তোমাদের জন্তু জানোয়ারদের উপকারের জন্যে:

০৭২-৩৪ তারপর যখন বড়ো বিপর্যয় (তোমাদের সামনে) হাযির হবে,

০৭২-৩৫ সেদিন মানুষ একে একে সব কিছুই স্মরণ করবে যা (সে দুনিয়ায়) করে এসেছে,

০৭২-৩৬ সেদিন সে ব্যক্তি দেখতে পাবে, যার জন্যে জাহান্নাম খুলে ধরা হবে।

০৭২-৩৭ অতঃপর যে ব্যক্তি সীমানংঘন করেছে,

০৭২-৩৮ এবং (পরকালের তুলনায়) দুনিয়ার জীবনকেই অগ্রাধিকার দিয়েছে,

০৭২-৩২ অবশ্যই এই জাহান্নাম হবে তার (একমাত্র) আবাসস্থল;

০৭২-৪০ (আবার) যে ব্যক্তি তার মালিকের সামনে দাঁড়ানো(-র এ দিন)-কে ভয় করেছিল এবং (এ ভয়ে) নিজের নফসকে কামনা বাসনা থেকে বিরত রেখেছে,

০৭২-৪১ অবশ্যই জান্নাত হবে তার ঠিকানা;

০৭২-৪২ তারা তোমার কাছে জানতে চায় কেয়ামত কখন সংঘটিত হবে ?

০৭২-৪৩ (তুমি তাদের বলে দাও,) সে সময়ের কথা বর্ণনা করার সাথে তোমার কি সম্পর্ক (তা তুমি জানবে কি করে) ?

০৭২-৪৪ তার (আগমনের) চূড়ান্ত (জ্ঞান একমাত্র) তোমার মালিকের কাছেই রয়েছে;

০৭২-৪৫ তুমি হচ্ছে যা সে ব্যক্তির জন্যে সাবধানকারী, যে একে ভয় করে;

০৭২-৪৬ যেদিন এরা কেয়ামত দেখতে পাবে, সেদিন (এদের মনে হবে) তারা এক বিকাল অথবা এক সকাল পরিমাণ সময় (দুনিয়ায়) অতিবাহিত করে এসেছে।

Bengali Translation By : Hafiz Munir Uddin Ahmed
Al Quran Academi London

Published as Portable Document Format by : *Mohammad Noor-e-Alam Siddiquee*
More Free Islamic Stuff at www.siddiquee.co.nr